

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬০

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫


০৭ মার্চ ২০১৯

বিষয়: টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন শহীদ আব্দুর রকিব (বীর বিক্রম) উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণির পাঠদান অনুমতি বাতিলের আদেশ প্রত্যাহার করে পুনরায় অনুমতি প্রদান।

সূত্র: প্রধান শিক্ষকের ১১/১১/২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন শহীদ আব্দুর রকিব (বীর বিক্রম) উচ্চ বিদ্যালয়ে ২০১০ সালে ৫ জন ছাত্র যথারীতি ভর্তি হয়ে রেজিস্ট্রেশনের মাধ্যমে ২০১৩ সালে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। কিন্তু ঐ ছাত্রগুলো অন্য আর একটি বিদ্যালয়ে রেজিস্ট্রেশন করার কারণে দ্বৈত রেজিঃ এর অপরাধে বহিস্কৃত হয়। এই প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বিদ্যালয়টির নবম শ্রেণির পাঠদান অনুমতি বাতিল করে। পরবর্তীতে প্রতিষ্ঠান প্রধান আবেদন করলে মন্ত্রণালয় গত ২২ জুন ২০১৭ তারিখে উক্ত প্রতিষ্ঠানে নবম শ্রেণির পাঠদানের অনুমতি প্রদানে সম্মতি জ্ঞাপন করে। মন্ত্রণালয় নবম শ্রেণি খোলার অনুমতি প্রদানে সম্মতি জ্ঞাপন করায় বোর্ড পরবর্তী সদয় নির্দেশনার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে।

০২। এমতাবস্থায়, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন শহীদ আব্দুর রকিব (বীর বিক্রম) উচ্চ বিদ্যালয়ের বর্তমান অবস্থা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-৩-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৬০/১(৩)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫

০৭ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অধ্যক্ষ, শহীদ আব্দুর রকিব (বীর বিক্রম) উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল



৭-৩-২০১৯

আনোয়ারুল হক
উপসচিব